

প্রধানমন্ত্রী বললেন

বিশেষ চাহিদার শিশুদের দরকার সমন্বিত শিক্ষার পরিবেশ

নিজস্ব প্রতিবেদক

১৪ জুলাই ২০২২ ১২:০০

এএম | আপডেট: ১৩ জুলাই

২০২২ ১১:৪২ পিএম



advertisement

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের মেধা-মনন বিকাশে সমন্বিত শিক্ষার পরিবেশ নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, যে কোনো স্বাভাবিক শিশুর তুলনায় এ ধরনের শিশুর শারীরিক ও মানসিক বিকাশে খোলামেলা ও প্রাকৃতিক পরিবেশ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গতকাল বুধবার গণভবনে ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম অ্যান্ড নিউরো ডেভেলপমেন্ট ডিজঅ্যাবিলিটিজের (এনএএএনডি) স্থাপত্য নকশার উপস্থাপনা দেখার সময় তিনি এসব কথা বলেন। দেশের অর্টিজম ও এনডিডি (নিউরো ডেভেলপমেন্ট ডিজঅ্যাবিলিটিজ) শিশুদের শিক্ষার ন্যায্য ও সমঅধিকার নিশ্চিত আন্তর্জাতিক

মানের একটি একাডেমি করছে সরকার। প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী শহর এলাকায় যে কোনো আবাসিক ভবন নির্মাণের ক্ষেত্রে ‘ক্রস ভেন্টিলেশন’ ব্যবস্থা নিশ্চিত তার আহ্বান পুনর্ব্যক্ত করেন। তিনি এ সময় অর্টিজম ও এনডিডি শিশুদের জন্য বিদ্যমান

শিক্ষকদের প্রশিক্ষণ এবং নতুন নতুন শিক্ষক ও প্রশিক্ষক সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী দীপু মনি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব তোফাজ্জেল হোসেন মিয়া এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবু বকর সিদ্দিক।